

## 🗏 আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০ : ৫৯

আরবি মূল আয়াত:

## كَذَٰلِكَ يَطبَعُ اللَّهُ عَلَى قُلُوبِ الَّذِينَ لَا يَعلَمُونَ ﴿٥٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

এমনিভাবে আল্লাহ মোহর মেরে দেন তাদের হৃদয়সমূহে যারা জানে না। — আল-বায়ান যাদের জ্ঞান নেই এভাবেই আল্লাহ তাদের হৃদয় মোহরাঙ্কিত করে দেন। — তাইসিরুল যাদের জ্ঞান নেই আল্লাহ তাদের হৃদয় এভাবে মোহর করে দেন। — মুজিবুর রহমান

Thus does Allah seal the hearts of those who do not know. — Sahih International

## ৫৯. যারা জানে না আল্লাহ এভাবেই তাদের হৃদয়ে মোহর করে দেন।(১)

(১) সুতরাং সেখানে কোন কল্যাণ প্রবেশ করবে না, সে অন্তরে কোন বস্তুর সঠিক রূপ প্রকাশিত হবে না। বরং সেখানে হক বাতিলরূপে এবং বাতিল হকরূপে তাদের কাছে প্রতিভাত হবে। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৫৯) আল্লাহ এভাবে যাদের জ্ঞান নেই, তাদের হৃদয়ে মোহর করে দেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3468

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন